रोल नं0 [ ] [ ] [ ] [ ] [ ] [ ] [ ] [ ]
006

मुद्रित पृष्ठों की संख्या : 4
206(HDE)

समय : 3 घंटे]
সময়- ৩ ঘন্টা

# 2024
# बंगाली

[पूर्णांक : 80
পূর্ণমান- ৮০

নির্দেশ: -

নীচের প্রশ্নগুলির পরিমিত ও যথাযথ উত্তর দাও। নির্ভুল উত্তর, শুদ্ধ বানান ও পরিষ্কার পরিছন্ন লেখা একান্ত বাঞ্ছনীয়। এই প্রশ্নপত্র দুই ভাগে বিভক্ত 'ক'এবং 'খ'। দুইটি বিভাগের প্রত্যেকটি প্রশ্নের উত্তর দেওয়া অনিবার্য। প্রত্যেকটি প্রশ্নের নির্ধারিত অঙ্ক তাহার সম্মুখে অঙ্কিত।

## Section-A বিভাগ- 'ক' ব্যাকারণ Grammar

1. প্রদত্ত বিকল্পগুলি থেকে সন্ধির সঠিক উত্তরটি নির্বাচন করো: যে কোন চারটি। (1x4=4)

(ক) নির্বোধ
(i) নিঃ+বোধ (ii) নি+বোধ (iii) নী+বোধ (iv) নীঃ+বোধ

(খ) নাবিক
(i) নো+ইক (ii) নৌ+ইক (iii) নৌ+ঈক (iv) নো+ঈক

(গ) দিগন্ত
(i) দিগ্+অন্ত (ii) দিক+অন্ত (iii) দিক্+অন্ত (iv) দিঘ+অন্ত

(ঘ) উজ্জ্বল
(i) উৎ+জ্বল (ii) উত+জ্বল (iii) উত+জল (iv) উ+জল

(ঙ) নমস্কার
(i) নম+কর (ii) নমঃ+কার (iii) নমো+কার (iv) নমঃ+কর

2. প্রদত্ত বিকল্পগুলি থেকে সমাসের সঠিক উত্তরটি নির্বাচন করো: যে কোন চারটি। (1x4=4)
(ক) রূপ-রস-গন্ধ=রূপ,রস ও গন্ধ কোন সমাস?
(খ) বাবাঠাকুর=যিনি বাবা তিনিই ঠাকুর কোন সমাস?
(গ) মহাবীর=মহৎ যে বীর কোন সমাস?
(ঘ) দিবারাত্রি=দিবা ও রাত্রি কোন সমাস?
(ঙ) উপকন্ঠ=কন্ঠের সমীপে কোন সমাস?

3. নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো: যে কোন চারটি। (1x4=4)
(i) আমাদের শিশুকালে ভোগবিলাসের আয়োজন ছিল না বলিলেই হয়। (জটিল বাক্যে)
(ii) গ্রাম ছোটো, জমিদার আর ও ছোটো। (জটিল বাক্যে)
(iii) যাহারা পরিশ্রম করে তারা সফল হয়। (সরল বাক্যে)
(iv) ছেলেটি এত অল্প বয়সেই বেশ ভালো কবিতা লেখে। (যৌগিক বাক্যে)
(v) যখন সন্ধ্যা হয় তখন পাখিরা বাসায় ফেরে। (সরল বাক্যে)



Download from www.CCLChapter.com

4. নীচের শব্দগুলির মধ্যে কোনটা সাধু ও কোনটি চলিত তা নির্ণয় করো: যে কোন চারটি। (1x4=4)

(i) পূজা (ii) বাহির (iii) রৌদ্র (iv) গপ্পের (v) উহাদের

5. নীচের উদ্ধৃতি গুলিতে যথাযথ বিরাম চিহ্ন দাও। (2x2=4)

(i) এখন ও ভগীরথী তীরে বসিয়া তাহার কুলু কুলু ধ্বনি শ্রবন করি এখন ও তাহাতে পূর্বের ন্যায় কথা শুনিতে পাই এখন আর বুঝিতে ভূল হয় না নদী তুমি কোথা হইতে আসিয়াছ ইহার উত্তরে সুস্পষ্ট স্বরে শুনিতে পাই মহাদেবের জটা হইতে

(ii) তর্করত্ব বলিলেন সকালে যাবার সময় দেখে গেছি বাঁধা দুপুরে ফেরার পথে দেখছি তেমনি ঠায় বাঁধা গোহত্যা হলে যে কর্তা তোকে জ্যান্ত কবর দেবে সে যে সে বামুন নয়

6. বাক্যের সাহায্যে অর্থ পার্থক্য দেখাও: যে কোন চারটি। (1x4=4)

(i) অবচয়, অপচয় (ii) ইতি, ঈতি (iii) কুজন, কূজন

(iv) অবিরাম, অভিরাম (v) আদি, আধি

7. নীচে উদ্ধৃত বাক্যগুলিকে শুদ্ধ করে লেখো: যে কোন চারটি। (1x4=4)

(i) আমি আরোগ্য হয়েছি।

(ii) কথাগুলি লজ্জাস্কর।

(iii) যেসব ছেলেরা গান করবে তাদের নাম লিখে নাও।

(iv) পূর্বদিকে সূর্য উদয় হয়।

(v) বিদ্যাসাগর বাভলির পূজ্যাস্পদ।

8 (ক). নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে থেকে যে কোন একটি বিষয় বেছে নিয়ে আনুমানিক (১৫০) শব্দের মধ্যে একটি প্রবন্ধ রচনা করো। (06)

(i) আমার প্রিয় গ্রন্থ

(ii) একটি নির্জন দুপুর

(iii) ছাত্রজীবন ও শিষ্টাচার

(খ). প্রদত্ত সংকেত-সূত্র অনুসরনে উপযুক্ত শিরোনামসহ কমবেশি ২০টি বাক্যে একটি গল্প রচনা করো। (04)

(সংকেত-সূত্র : যুদ্ধে পরাজিত এক রাজা পাহাড়ের গুহায় লুকিয়ে আছেন-একটি মাকড়সাকে দেখলেন, বারবার জাল বুনে চলেছে-বারে বারে জালটি ছিড়ে যাচ্ছে-মাকড়সাটি বারে বারে চেষ্টা করছে-অবশেষে জালটি বুনতে সার্থক হলো-পরাজিত রাজা আবার যুদ্ধ শুরু করলেন-এবার জয়ী হলেন)।



Download from www.CCLChapter.com

(গ). যে কোনো একটি পত্র লেখো: - (05)

একটি পথ দুর্ঘটনার বিবরণ জানিয়ে তোমার বন্ধুকে একখানি পত্র লেখ।

অথবা

পানীয় জলের অসুবিধার কথা জানিয়ে তোমার গ্রামের প্রধানকে একখানি পত্র লেখ।

9. প্রদত্ত উদ্ধৃতের ভাব-সম্প্রসারন করো: - (05)

"এ জগতে হায় সেই বেশি চায়
আছে যার ভূরি ভূরি,
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।"

## Section-B বিভাগ- 'খ' গদ্যাংশ Prose

10. (ক) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও: যে কোন পাঁচটি। (2x5=10)

(i) 'ভগীরথীর উৎস সন্ধানে' রচনায় নদীকে লেখকের 'গতি পরিবর্তনশীল জীবন' বলে মনে হত কেন?

(ii) 'সে ছিল মুক্ত, আমি ছিলাম বদ্ধ-মিলনের উপায় ছিল না'- মিলনের উপায় ছিল না কেন?

(iii) 'মহেশ' গল্পে- গফুরের দুরাবস্থার একটি দৃষ্টান্ত দাও।

(iv) মাঘোৎসব উপলক্ষে ঠাকুরবাড়ি উঠোনে কী করা হত?

(v) নদীর জলকনা কীভাবে সমুদ্রে মহাদেশ তৈরি করে- 'ভগীরথীর উৎস সন্ধানে' রচনা অনুসরণ করে লেখো।

(vi) 'পদ্মা নদীর মাঝি'- উপন্যাসের নায়ক কে ও কেন?

(খ) সন্দর্ভ ও প্রসঙ্গ সহিত বিস্তারিত ব্যাখ্যা লেখ: - (2x2=4)

(i) "ভিক্ষুক যেমন প্রাসাদের বাহিরে দাড়াইয়া রাজভান্ডারের বুদ্ধ সিন্দুকগুলার মধ্যে অসম্ভব রত্নমানিক কল্পনা করে, আমি ও তেমনি ওই অজানা বাড়িগুলিকে কত খেলা ও কত স্বাধীনতায় -আগাগোড়া বোঝাই করা মনে করিতাম তাহা বলিতে পারি না।" ব্যাখ্যা করো।

(ii) "পিতা ও কন্যার মাঝখানে এই যে,একটুখানি ছলনার অভিনয় হইয়া গেল তাহা এই দুটি প্রাণী ছাড়া আর ও একজন বোধকরি অন্তরিক্ষে থাকিয়া লক্ষ্য করিলেন" ব্যাখ্যা করো।

## পদ্যাংশ Poetry

11. (ক) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও: যে কোন দুটি। (3x2=6)

(i) "চন্ডালে বসাও আনি রাজার আলয়ে"। এই উক্তির প্রসঙ্গ নির্দেশ করো।

(ii) 'দুই বিঘা জমি' কবিতায় উপেনের বিষাদমগ্নতার পরিচয় দাও।

(iii) ছেলের দলকে 'আলাদিনের মায়ার প্রদীপ' বলা হয়েছে কেন?



Download from www.CCLChapter.com

(খ) স-প্রসঙ্গে সন্দর্ভ সহিত ব্যাখ্যা করো: - (2x2=4)

(i) "রাজপথে দেখা হলে কেহ যদি গুরু ব'লে
হাত তুলে করে নমস্কার,
বলি তব হাসিমুখে বেঁচে বর্তে থাকো সুখে,
স্পর্শ করি কেশগুলি তার।

(ii) আমি কহিলাম, "শুধু দুটি আম ভিখ মাগি মহাশয়,
বাবু কহে হেসে," বেটা সাধুবেশে পাকা চোর অতিশয়।
আমি শুনে হাসি, আঁখিজলে ভাসি, এই ছিল মোর ঘটে
তুমি মহারাজ, সাধু হলে আজ, আমি আজ চোর বটে।

## ('রাজকাহিনী' হইতে) From Raj Kahini

12. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও: (2x4=8)

(i) সুভাগা সূর্যদেবের কাছে কী বর প্রার্থনা করেছিলেন?
(ii) রাজপুত্রের নাম গোহ হল কেন? পুষ্পবতী তাঁকে কার হাতে সমর্পন করল?
(iii) ব্রাহ্মণ এসে একটি চিঠি এনে রানীকে দিলেন? চিঠিটি কে কাকে কোন উদ্দেশে দিয়েছিল?
(iv) শিলাদিত্যের মৃত্যু হয়েছিল কীভাবে?



Download from www.CCLChapter.com